



ডেইরি হাবস্ এবং ডিএমসিসি (Dairy Hubs and VMCC) প্রতিষ্ঠান সরকারি অনুদানের বিস্তৃতি
(সংশোধিত)

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রাণিসম্পদ অধিদপ্তর দেশের প্রাণিসম্পদ খাতের সার্বিক উন্নয়নের লক্ষ্যে বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় “প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)” বাস্তবায়ন করেছে। প্রকল্পটি সরকারি-বেসরকারি অংশীদারিত্ব মাধ্যমে দেশের দুগ্ধ উৎপাদন কৃষির উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে Village Milk Collection Center (VMCC) প্রতিষ্ঠান মাধ্যমে ডেইরী হাবস্ (Dairy Hubs) স্থাপনের আগ্রহী প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারিত্ব প্রতিষ্ঠান মাধ্যমে ম্যাচিং গ্রান্টের আওতায় অনুদান প্রদান করা হবে। পার্বত্য অঞ্চলের তিনটি জেলা ব্যতীত দেশের ৬১ টি জেলায় মোট ২০ টি ডেইরী হাবস্ (Dairy Hubs) স্থাপনে এ সহায়তা প্রদান করা হবে। উল্লেখ্য, প্রতিটি ডেইরী হাবের আওতায় ২০টি VMCC স্থাপন করা হবে। এ লক্ষ্যে আগ্রহী ডেইরী হাবস্ (Dairy Hubs) পরিচালনাকারী প্রতিষ্ঠানের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র দুইটি ধাপে মূল্যায়ন করা হবে। প্রথম ধাপে নির্ধারিত মানদণ্ডের ভিত্তিতে প্রাপ্ত আবেদনসমূহ মূল্যায়নের ভিত্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত উদ্যোক্তাদের তথ্যাদি মাঠ পর্যায়ে সরেজমিনে যাচাই-বাস্তাই করতঃ সংক্ষিপ্ত তালিকা তৈরী করা হবে। দ্বিতীয় ধাপে সংক্ষিপ্ত তালিকাভুক্ত উদ্যোক্তাদের ব্যবসা পরিকল্পনা প্রণয়ণে ওরিয়েন্টেশন দেয়া হবে এবং ব্যবসা পরিকল্পনা দাখিলের আহ্বান জানানো হবে। উক্ত প্রক্রিয়ায় কলা-কৌশল ও যথার্থতা বিবেচনা করে চূড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে। নির্ধারিত উদ্যোক্তাদেরকে প্রস্তাবিত মোট বাজেটের সর্বোচ্চ পঞ্চাশ ভাগ (৫০%) অর্থ/অনধিক ২ কোটি ৬১ লক্ষ টাকা (দুই কোটি একষট্টি লক্ষ টাকা) প্রকল্প থেকে অনুদান প্রদান করা হবে এবং বাকি অর্থ উদ্যোক্তাদের বহন করতে হবে।

আবেদনকারীর যোগ্যতাঃ

১. আবেদনকারীকে বাংলাদেশী নাগরিক হতে হবে;
২. আবেদনকারীর ব্যবসা গবাদি পশুর দুগ্ধ উৎপাদন, বাজারজাতকরণ ও সংগ্রহ সংক্রান্ত হতে হবে এবং এ উৎপাদন কার্যক্রম প্রকল্পের আওতাভুক্ত এলাকায় অবস্থিত হতে হবে;
৩. আবেদনকারীকে ডেইরী হাবস্ এবং ডিএমসিসি (Dairy Hubs and VMCC) স্থাপনে ন্যূনতম ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;
৪. আবেদনকারীকে বৈধ ট্রেড লাইসেন্স ও টিআইএন (TIN) সার্টিফিকেট দাখিল করতে হবে;
৫. আবেদনপত্রে প্রস্তাবিত মোট বাজেটের কমপক্ষে শতকরা পঞ্চাশ ভাগ (৫০%) অথবা এর বেশি অর্থ আবেদনকারীকে বহন করতে হবে;
৬. আবেদনকারীকে বেসরকারি উদ্যোক্তা হতে হবে। পাবলিক লিমিটেড কোম্পানী এবং স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে না।
৭. ম্যাচিং গ্রান্ট প্রাপ্তির জন্য মহিলা উদ্যোক্তাদের বিশেষভাবে উৎসাহিত করা হবে।

ডেইরী হাবস্ (Dairy Hubs) পরিচালনাকারী/স্থাপনে আগ্রহী উদ্যোক্তাদেরকে আগামী ২০/০৩/২০২৪ তারিখের মধ্যে এলডিডিপি'র নির্ধারিত ফর্মে আবেদনপত্র নিম্নোক্ত ঠিকানায় জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। আবেদনের ফরম এবং বিস্তারিত শর্তাবলী প্রকল্পের পোর্টাল <https://lddp.portal.gov.bd> প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইট www.dls.gov.bd, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইট [https://mofl.gov.bd](http://mofl.gov.bd) এবং প্রকল্প পরিচালকের দপ্তরে পাওয়া যাবে।

মোঃ আন্বুর রহিম
প্রকল্প পরিচালক (মুখ্যসচিব)
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
ফোন: ০২-৫৮১৫৪৯১৩
ই-মেইল: lddp@dls.gov.bd



প্রাণিসম্পদ ভবন-২ (৭ম তলা)
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫